গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১০৩.১৬-৪২২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫ / ০৬ ডিসেম্বর ২০১৮

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলাধীন চুউরিয়া মুন্সী রহিম উদ্দিন উচ্চ বিদ্যালয়-এর অনিয়ম, দুর্নীতির অভিযোগ সংক্রান্ত ।

সূত্র: পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর-এর স্মারক নং-ডিআইএ/ব্রাহ্মণবাড়ীয়া/১৯২৪-এস/চট্ট:, তারিখ: ১৬/১০/১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রেবর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলাধীন চুউরিয়া মুন্সী রহিম উদ্দিন উচ্চ বিদ্যালয়-এর অনিয়ম, দুর্নীতির অভিযোগের বিষয়ে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনে ০৯ (নয়)টি অভিযোগের মধ্যে নিম্নোক্ত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে:

(১) ০১/০১/২০১৮ হতে ক্যাশ বহি আপডেট করা হয়নি।
(২) ১৯৯৪-৯৫ অর্থ বছর হতে ডিসেম্বর/১৭ পর্যন্ত মোট ৫৯,৮৬,৪৪৫/- টাকা ব্যাংকে জমা করা হয়নি। যা আর্থিক বিধির লংঘন এবং যা সাময়িক আত্মসাতের সামিল। তবে ভাউচার যাচাইয়ে আত্মসাতের কোন প্রমাণ পাওয়া যায়নি। বিষয়টির প্রতি মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হল।
(৩) আয়-ব্যয়ের হিসাব অভ্যন্তরীণ নিরীক্ষা করা হয়নি।
(৪) আয়-ব্যয়ের বার্ষিক বাজেট করা হয় না।
(৫) আয় ব্যয়ের বিভাজন উল্লেখ করে কমিটির সভায় ব্যয়ের অনুমোদন গ্রহণ করা হয় না।
(৭) প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়মিতভাবে ব্যাংকে জমা না দেওয়ার অভিযোগ প্রমাণিত।

০২। বর্ণিতাবস্থায়, উপরোক্ত অভিযোগ প্রমাণিত হওয়ায় ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলাধীন চুউরিয়া মুন্সী রহিম উদ্দিন উচ্চ বিদ্যালয়-এর ম্যানেজিং কমিটি ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ধারা ৪১ (খ) ধারা ৪৫-এর উপধারা (৪) ও (৫) এবং ধারা ৪৬ এর উপধারা (৬) এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৮ (আট) পাতা।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন: ৯৫৭০৬৭২
as.sec3@moedu.gov.bd

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা।

নং- ৩৭.০০.০০০০.০৭৩.৪১.১০৩.১৬-৪২২

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫ / ০৬ ডিসেম্বর ২০১৮

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে- অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। জনাব আব্দুল হালীম বাসার গং, সদস্য, ম্যানেজিং কমিটি, চুউরিয়া মুন্সী রহিম উদ্দিন উচ্চ বিদ্যালয়, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। অফিস কপি।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব

D:\Section-12\Section-12\AZIM AO\Board\Comilla Board\Letter.doc